রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋওঅবি-১ সার্কুলার নং-০২/২০১৯ তারিখ : ০৮.০৭.২০১৯

বিষয় : ভালো ঋণগ্রহিতাদের প্রণোদনা প্রদান প্রসংগে।

ব্যাংকের প্রচলিত সুদ মওকুফ ও ঋণ প্রদান নীতিমালা অনুযায়ী নিয়মিত ও ভালো ঋণগ্রহিতাগণের তুলনায় শ্রেণীকৃত ঋণগ্রহিতাগণ অপেক্ষাকৃত বেশী সুবিধা ভোগ করছেন। যে সকল ঋণগ্রহিতা নিয়মিত ঋণ পরিশোধ করছেন তারা ঋণ পরিশোধ এবং পরবর্তীতে ঋণ গ্রহণের ক্ষেত্রে উল্লেখযোগ্য কোন সুবিধা পান না, প্রকারান্তরে একজন খেলাপী গ্রাহক ঋণ পরিশোধের পরে পুনরায় ঋণ গ্রহণের ক্ষেত্রে ব্যাংক বিধি মোতাবেক অপেক্ষাকৃত বেশী সুবিধা পেয়ে থাকেন। ঋণগ্রহিতাদের সময়মত ঋণ পরিশোধে উৎসাহ প্রদানের নিমিত্ত ভালো ঋণগ্রহিতা চিহ্নিত করে রিবেট প্রদান সুবিধা দেয়ার কতিপয় নির্দেশনা প্রদান করে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক গত ১৬.০৫.২০১৯ তারিখে বিআরপিডি সার্কুলার নং-০৪ জারী করা হয়। সূত্রোক্ত সার্কুলারের অনুবৃত্তিক্রমে এ ব্যাংকের ভালো ঋণগ্রহিতাদের জন্য প্রণোদনা প্রদান সংক্রান্ত নীতিমালা গত ১৬.০৬.২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৯৮-তম সভায় নিম্নোক্তভাবে অনুমোদন করা হয় :

২. ভালো ঋণগ্রহিতা :

২.১ চলমান ঋণগ্রহিতার ঋণহিসাব ক্রমাগতভাবে সংশ্লিষ্ট বছরের সেপ্টেম্বর মাস ও পূর্ববর্তী ৪টি ত্রৈমাসিকে অশ্রেণিকৃত-স্ট্যান্ডার্ড অবস্থায় থাকলে এবং মঞ্জুরিপত্র/নবায়নপত্রের শর্তানুসারে উক্ত ঋণ হিসাবে লেনদেন সন্তোষজনক হলে সংশ্লিষ্ট গ্রাহক ভালো ঋণগ্রহিতা হিসেবে বিবেচিত হবেন।

২.২ তলবী ঋণগ্রহিতার সংশ্লিষ্ট বছরের সেপ্টেম্বর মাস ও পূর্ববর্তী ৪টি ত্রৈমাসিকে গৃহিত সকল তলবী ঋণ অশ্রেণিকৃত-স্ট্যান্ডার্ড অবস্থায় সমন্বিত হলে সংশ্লিষ্ট গ্রাহক ভালো ঋণগ্রহিতা হিসেবে বিবেচিত হবেন।

২.৩ মেয়াদী ঋণগ্রহিতার ঋণ হিসাব বিগত ১২ মাসের সকল কিস্তি নির্ধারিত তারিখের মধ্যে নিয়মিতভাবে পরিশোধিত হলে এবং সংশ্লিষ্ট বছরের সেপ্টেম্বর মাস ও পূর্ববর্তী ৪টি ত্রৈমাসিকে অশ্রেণিকৃত-স্ট্যান্ডার্ড অবস্থায় থাকলে সংশ্লিষ্ট গ্রাহক ভালো ঋণগ্রহিতা হিসেবে বিবেচিত হবেন।

২.৪ কোন ঋণগ্রহিতার একাধিক ঋণ থাকলে প্রতিটি ঋণের জন্য পৃথকভাবে উল্লিখিত শর্তসমূহ পরিপালন করলেই তিনি ভালো ঋণগ্রহিতা হিসেবে বিবেচিত হবেন।

২.৫ সকল ক্ষেত্রেই কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে বিগত ১২ মাসে কোন গ্রাহক বা তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে বিরূপমানে শ্রেণীকৃত ঋণ থাকলে উক্ত গ্রাহক ভালো ঋণগ্রহিতা হিসেবে বিবেচিত হবেন না।

২.৬ প্রতি বছর সেপ্টেম্বর মাস অন্তে উপরোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক ভালো ঋণগ্রহিতাকে চিহ্নিত করতে হবে।

৩. ভালো ঋণ গ্রহিতাদেরকে প্রণোদনা প্রদান :

৩.১ চলমান/তলবী/মেয়াদী ঋণের ক্ষেত্রে প্রতিবছর সেপ্টেম্বর মাস শেষে বিগত ১২ মাসে (অর্থাৎ বিগত বছরের ০১ অক্টোবর থেকে চলতি বছরের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত) ভালো ঋণগ্রহিতার সংশ্লিষ্ট ঋণের বিপরীতে আদায়কৃত সুদ/মুনাফার অন্যূন ১০% রিবেট (Rebate) সুবিধা প্রদান করতে হবে। পরবর্তীতে প্রতি বছর গ্রাহক ভালো ঋণগ্রহিতা হিসেবে চিহ্নিত হলে একই রকম সুবিধা অব্যাহত থাকবে। এছাড়াও ভালো ঋণগ্রহিতার প্রয়োজনীয়তার নিরিখে বর্ধিত ঋণ সুবিধাও প্রদান করা যাবে।

৩.২ ভালো ঋণগ্রহিতাদের প্রণোদনা প্রদান সংক্রান্ত নীতিমালা এবং এতদসংক্রান্ত সুবিধা প্রচারণার্থে প্রতিটি শাখা তা সহজে দৃষ্টিগোচর হয় এরূপ স্থানে প্রদর্শন (Display) করতে হবে।

৩.৩ ভালো ঋণগ্রহিতা হিসেবে চিহ্নিত হবার পর সংশ্লিষ্ট বছরের ডিসেম্বর মাসের মধ্যে এ সার্কুলারের ২ নম্বর অনুচ্ছেদের শর্তানুযায়ী ব্যাংক কর্তৃক কেইস-টু-কেইস ভিত্তিতে রিবেট হিসাবায়নপূর্বক প্রাপ্যতা অনুযায়ী ঋণগ্রহিতাদেরকে রিবেট/প্রণোদনা প্রদান করতে হবে। এক্ষেত্রে রিবেট/প্রণোদনা বাবদ প্রদত্ত অর্থ সংশ্লিষ্ট গ্রাহকের নিকট হতে প্রাপ্ত সুদ/মুনাফা খাতকে ডেবিট করে অথবা প্রয়োজনীয় প্রভিশন সংরক্ষণ করে প্রদান করা যাবে। তবে বিশেষ কারণে কোন ঋণগ্রহিতাকে ডিসেম্বর মাসের মধ্যে রিবেট প্রদান করা সম্ভব না হলে সংশ্লিষ্ট হিসাববর্ষের Financial Statements-এ আবশ্যিকভাবে সমপরিমাণ অর্থের প্রয়োজনীয় প্রভিশন সংরক্ষণ করতে হবে এবং পরবর্তী তিন মাসের মধ্যে ঋণগ্রহিতার প্রাপ্য রিবেট প্রদান নিশ্চিত করতে হবে।

৩.৪ রিবেট/প্রণোদনা সুবিধা পাওয়ার জন্য ঋণগ্রহিতার আবেদনের প্রয়োজন হবে না। শাখা কর্তৃক স্ব-উদ্যোগে ভালো ঋণগ্রহিতা চিহ্নিত করে প্রাপ্যতা অনুযায়ী তাদের রিবেট/প্রণোদনা সুবিধা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তবে ঋণগ্রহিতাকে রিবেট/প্রণোদনা প্রদান করার পূর্বে ঋণগ্রহিতার নিকট হতে এ মর্মে প্রত্যয়ন গ্রহণ করতে হবে যে, ঋণগ্রহিতার নিজ নামে বা স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে অন্য কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে বিগত ১২ মাসে বিরূপমানে শ্রেণিকৃত কোন ঋণ ছিল না এবং বর্তমানেও নেই।

(চলমান পাতা-২)

ঋণঅবি-১ সার্কুলার নং-০২/২০১৯ তারিখ : ০৮.০৭.২০১৯

৩.৫ ভালো ঋণগ্রহিতাগণ যেন সময়মত ঋণের অর্থ পরিশোধ করতে উৎসাহিত হন সেলক্ষ্যে তাদের প্রাপ্য রিবেট/প্রণোদনা যথাসময়ে প্রদান নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট জোনাল ব্যবস্থাপকগণ রিবেট/প্রণোদনা প্রদানের বিষয়টি জোন পর্যায়ে নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। তবে, এক্ষেত্রে সার্কুলারের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে রিবেট হিসাবায়ন ও প্রদানের বিষয়গুলো ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষার মাধ্যমে যাচাই করার পাশাপাশি অভ্যন্তরীণ নিয়ন্ত্রণেরও প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৩.৬ ভালো ঋণগ্রহিতাদের ঋণ তথ্য পরবর্তীতে স্ট্যান্ডার্ড থাকা সাপেক্ষে সিআইবিতে STD-GB (Standard-Good Borrower) হিসেবে রিপোর্ট করতে হবে।

৪. পুনঃতফসিলকৃত/পুনর্গঠিত ঋণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ঋণগ্রহিতাদের জন্য উক্ত সার্কুলারের সুবিধা প্রযোজ্য হবে না।

৫. ভালো ঋণগ্রহিতাদের নিম্নরূপ উৎসাহব্যঞ্জক প্রণোদনা প্রদান করা হবে :

৫.১ ডেবিট বা ক্রেডিট কার্ড ব্যবহারকারী ভালো ঋণগ্রহিতাদের বিশেষ সুবিধাপ্রাপ্ত (রিওয়ার্ড পয়েন্ট, ডিসকাউন্ট সুবিধা ইত্যাদি) হবে।

৫.২ ভালো ঋণগ্রহিতাদের প্রতি বছর ব্যাংক কর্তৃক বিশেষ সনদ প্রদান করা হবে।

৫.৩ ব্যাংকের সেরা ১০(দশ) জন ভালো ঋণগ্রহিতার ছবিসহ তাদের ব্যবসা সফলতার সংক্ষিপ্ত চিত্র ব্যাংকের বার্ষিক প্রতিবেদনে প্রকাশ করা হবে। এছাড়াও, দীর্ঘ সময় ধরে ভালো ঋণগ্রহিতা হিসেবে চিহ্নিত গ্রাহকদের ছবি, প্রোফাইল ইত্যাদির সমন্বয়ে ব্যাংক কর্তৃক বিশেষ বুকলেট/ম্যাগাজিন প্রকাশ করা হবে।

৫.৪ ভালো ঋণগ্রহিতাদের স্বীকৃতি/পুরস্কার প্রদানকরতঃ তাদেরকে সম্মাননা জ্ঞাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬. ভালো ঋণগ্রহিতাদের প্রদত্ত রিবেট/প্রণোদনা সংক্রান্ত জোনওয়ারী তথ্য 'সংযুক্তি-ক' মোতাবেক ছকে প্রতি হিসাববর্ষ শেষে পরবর্তী বছরের ৩১ মার্চ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।

৭. এ নির্দেশনা ২০১৯ হিসাববর্ষ হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

৮. এ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৮.০৭.২০১৯
(শওকত শহীদুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সূত্র নং- প্রকা/ঋণঅবি-১/২০(প্রণোদনা)/২০১৯-২০২০/২৩(৪৪৪) তারিখ : ০৮.০৭.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা/ স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
১১। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি/মহানথি।

০৮.০৭.২০১৯
(শাহনেওয়াজ ছাররে মাহমুদ)
মুখ্য কর্মকর্তা

ঋওঅবি-১ সার্কুলার নং-০২/২০১৯ তারিখ : ০৮.০৭.২০১৯

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

'সংযুক্তি-ক'

....................শাখা/জোন

ভালো ঋণগ্রহিতাদের প্রণোদনা প্রদান সংক্রান্ত তথ্য

(পরিমাণ টাকায়)

হিসাববর্ষ : (০১ অক্টোবর ২০.... থেকে ৩০ সেপ্টেম্বর ২০.... পর্যন্ত)						
প্রদেয় রিবেট এর তথ্য		প্রদত্ত রিবেট এর তথ্য		ভালো ঋণগ্রহিতাদের জন্য সংরক্ষিত প্রভিশন এর পরিমাণ (যদি থাকে)		ঋণের পরিমাণ (যে পরিমাণ ঋণের উপর রিবেট হিসাবায়ন করা হয়েছে)
ঋণগ্রহিতার নাম	পরিমাণ	ঋণগ্রহিতার নাম	পরিমাণ	ঋণগ্রহিতার নাম	পরিমাণ	